

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 13.10.2024**

**Time: 7.35 A.M**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ আনন্দ উচ্ছ্বাসের মধ্য দিয়ে বাঙালীর প্রাণের উৎসব দুর্গাপুজো অন্তিম লগ্নে। #  
বেলুড় মঠে দশমী বিহিত পুজোর পর শুরু হয়েছে নিরঞ্জনের প্রস্তুতি।

২/ বিসর্জনের জন্য নিয়ন্ত্রিত হচ্ছে চক্ররেল চলাচল।

৩/ অনিকেত মাহাতো, অলোক কুমার বার্মার পর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি  
হয়েছেন আর এক অনশনকারী জুনিয়ার চিকিৎসক অনুষ্ঠুপ মুখোপাধ্যায়।

# আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকদের পক্ষ থেকে রাজ্য জুরে আজ একবেলা  
'অরম্বন' পালনের আহ্বান। কলকাতা সহ বিভিন্ন জেলায় ১২ ঘন্টার প্রতীকি  
অনশনের ডাক IMA-এর রাজ্য শাখার।

৪/ অনশনরত জুনিয়র ডাক্তারদের প্রতি সংহতি জানিয়ে সিনিয়র ডাক্তাররা  
আগামীকাল সকাল ছটা থেকে ৪৮ ঘন্টা আংশিক কর্মবিরতি পালন করবেন।

৫) পুরুলিয়ার ঝালদা পুরসভার কংগ্রেস কাউন্সিলার, পূর্ণিমা কান্দুর অস্বাভাবিক মৃত্যু  
নিয়ে রাজনৈতিক চাপানোতর তুঙ্গে।

\*\*\*\*\*

\*\*\*\*\*

আনন্দ উচ্ছাসের মধ্য দিয়ে বাঙালীর প্রাণের উৎসব দুর্গাপুজো অন্তিম লগ্নে। শুরু হয়েছে ঘরের মেয়ে উমার কৈলাশে যাওয়ার প্রস্তুতি। দৃকসিদ্ধ পঞ্জিকা মেনে গতকালই বিভিন্ন মন্ডপে দশমী বিহিত পুজো সম্পন্ন হয়। ঘরোয়া এবং বনেদী বাড়ির পুজোগুলিতে চলে প্রতিমা নিরঞ্জন। যদিও, বেলুড় মঠে বিশুদ্ধ সিদ্ধান্ত মতে পুজো হওয়ায় আজ সকালে দশমীর যথাবিহিত পুজো সম্পন্ন হয়। এরপর দর্পণ বিসর্জন ও প্রতিমা নিরঞ্জনের পালা।

আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন- ( অভিজ্ঞপ ভিসি )

উল্লেখ্য, নিরঞ্জন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, মেয়র ফিরহাদ হাকিম গতকাল বাজা কদমতলা সহ সংলগ্ন ঘাটগুলি পরিদর্শন করেন।

এদিকে, গতকাল'ও উত্তর থেকে দক্ষিণ সর্বত্রই মন্ডপগুলিতে ছিল উপচে পড়া ভিড়।

কলকাতার যে সমস্ত বড় পুজো কমিটি কার্নিভালে যোগ দেবে তাদের প্রতিমা নিরঞ্জন হবে মঙ্গলবার ১৫-ই অক্টোবর। জেলাগুলির কার্নিভাল হবে আগামীকাল।

\*\*\*\*\*

রাজ্য সরকারের অনুরোধে পূর্ব রেল কর্তৃপক্ষ, দুর্গাপুজোর বিসর্জনের জন্য চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করছে।

কালী ও জগন্নাতী প্রতিমার নিরঞ্জনের দিনগুলিতেও তা চলবে বলে জানিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র।

(বাইট- চক্র রেল )

\*\*\*\*\*

অনিকেত মাহাতো, অলোক কুমার বার্মার পর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন আর এক অনশনকারী জুনিয়ার চিকিৎসক অনুষ্ঠুপ মুখোপাধ্যায়। গত সন্ধ্যা থেকেই তাঁর পেটে যন্ত্রণা শুরু হয়। ওষুধ দেওয়ার পর'ও ব্যথা কমেনি। পরে রাত ১১'টা নাগাদ 'গ্রিন করিডোর' করে তাঁকে নিয়ে যাওয়া হয় কলকাতা মেডিক্যাল কলেজে।

বর্তমানে CCU-তে চিকিৎসাধীন তিনি। এই হাসপাতালের'ই এন্ডোক্রিনোলজি বিভাগের প্রথম বর্ষের পড়ুয়া অনুষ্ঠানের জন্য আট সদস্যের মেডিক্যাল টিম গঠন করা হয়েছে। ধর্মতলায় অনশন মঞ্চ থেকে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসক আসফাকুল্লা নাইয়া জানান-

( বাইট- আসফাকুল্লা নাইয়া )

এর আগে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে ১৪৭ ঘন্টা অনশনের পর গতকাল জুনিয়ার চিকিৎসক অলোক কুমার ভার্মা অসুস্থ হয়ে পড়েন। বর্তমানে ওই হাসপাতালের'ই CCU-তে ভর্তি রয়েছেন তিনি।

ধর্মতলায় অনশন চলাকালীন গত বৃহস্পতিবার অসুস্থ হয়ে RG Kar হাসপাতালে ভর্তি অনিকেত মাহাতোর শারীরিক অবস্থা এখন স্থিতিশীল।

এখন কলকাতা ও উত্তরবঙ্গ মিলিয়ে মোট আটজন চিকিৎসক আমরণ অনশন করছেন। এরা হলেন- অর্ণব মুখোপাধ্যায়, পুলস্ত্য আচার্য, স্নিঞ্চা হাজরা, সায়ন্ত্রনী ঘোষ হাজরা, তনয়া পাঁজা, পরিচয় পন্ডা, আলোলিকা ঘোড়ুই এবং সৌভিক বন্দ্যোপাধ্যায়।

উল্লেখ্য, ১০ দফা দাবীতে ধর্মতলার মেট্রো চ্যানেলে জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন প্রায় ১৮০ ঘন্টা হতে চললো।

\*\*\*\*\*

আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকদের পক্ষ থেকে রাজ্য জুরে আজ একবেলা 'অরঙ্খন'

পালনের আহ্বান জানানো হয়েছে। সর্বভারতীয় চিকিৎসক সংগঠন- IMA-এর রাজ্য শাখা আজ কলকাতা সহ বিভিন্ন জেলায় ১২ ঘন্টার প্রতীকি অনশনের ডাক দিয়েছে।

সকাল ৮'টা থেকে রাত ৮'টা পর্যন্ত চলবে এই কর্মসূচী।

অনশনরত জুনিয়ার ডাক্তারদের প্রতি সংহতি জানিয়ে সিনিয়র ডাক্তাররা আগামীকাল সকাল ছটা থেকে ৪৮ ঘন্টা আংশিক কর্মবিরতি পালন করবেন। জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডেক্টরস ফোরামের পক্ষে গতকাল ধর্মতলার ডোরিনা ক্রসিং-এ এক

সাংবাদিক সম্মেলনে ডাক্তার স্বরদ্যোৎ মুখোপাধ্যায় জানান, জরুরী ছাড়া সমস্ত রকম পরিষেবা বুধবার সকাল ৬'টা পর্যন্ত বন্ধ থাকবে।

( বাইট- স্বরদ্যোৎ )

অন্যদিকে, আগামী ১ফে অষ্টোবৰ রাজ্য সরকারের দুর্গাপুজো কার্নিভালের দিন বিকেল ৪'টেয় রাণী রাসমণি রোডে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স এবং সহযোগী সংগঠনগুলি ‘দ্রোহের কার্নিভাল’-এর ডাক দিয়েছে। অভয়ার ন্যায় বিচার ও ভূমকি সংস্কৃতির নিরসন এবং পড়ুয়া চিকিৎসকদের আমরণ অনশন আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে এই কার্নিভাল করা হবে।

এদিকে, ত্রিধারা সম্মীলনী পুজো মন্ডপে RG Kar কান্ডে ন্যায় বিচারের দাবীতে স্নোগান দেওয়ায় কলকাতা হাইকোর্টে ধৃত ন'জনের অন্তর্বর্তী জামিন মঞ্চুর হওয়ার পর গতকাল তাঁরা মুক্তি পান। এরপরই তাঁদের কয়েকজন অনশন মধ্যে গিয়ে ডাক্তারদের স্বাস্থ্যের খোঁজ খবর নেন। গতকাল’ও বহু সাধারণ মানুষ অনশন মধ্যের সামনে জড়ে হয়ে গানে গানে প্রতিবাদে সামিল হন।

\*\*\*\*\*

সামাজিক অবক্ষয় রুখতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আবেদন জানিয়ে বিজ্ঞানীরা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি দিয়েছেন। ২৪৭ জন বিজ্ঞানীর স্বাক্ষর করা এ চিঠিতে রাজ্য প্রশাসনের একাংশ দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েছে বলে উল্লেখ করা হয়েছে।

এদিকে, আর জি কর কান্ডে ন্যায় বিচারের দাবিতে গতকাল সিবিআই দফতর অভিযানে গতকাল পা মেলান নাগরিক সমাজের প্রতিনিধিরা। সল্টলেকের করুণাময়ী থেকে মিছিল করে তারা সিজিও কমপ্লেক্সে পৌঁছলে পুলিশি বাধার মুখে পড়েন। এরপর ডাক্তার, আইনজীবী, অধ্যাপকদের ৫ সদস্যের প্রতিনিধি দল কেন্দ্রীয় সংস্থার দণ্ডরে স্মারকলিপি জমা দেন।

\*\*\*\*\*

ব্যক্তিগতভাবে ইস্তফা না দিলে তা পদত্যাগ হিসাবে গৃহীত হয় না বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়। RG Kar-এর পড়ুয়া ছাত্রীকে ধর্ষণ করে খুনের ঘটনায় চিকিৎসকদের গণইস্তফা কর্মসূচি প্রসঙ্গে নবান্নে গতকাল সাংবাদিকদের তিনি বলেন, সাগর দত্ত, RG Kar, SSKM সহ কয়েকটি হাসপাতালের সিনিয়ার চিকিৎসকদের গণইস্তফার স্বাক্ষর সম্বলিত চিঠি সরকারের কাছে এসেছে। তবে, সার্ভিস রুল অনুযায়ী ব্যক্তিগতভাবে পদত্যাগপত্র না দিলে সেই ইস্তফা সরকারের কাছে গ্রাহ্য হয় না।

\*\*\*\*\*

পুরুলিয়ার ঝালদা পুরসভার কংগ্রেস কাউণ্টিলার, প্রাক্তন উপ-পুর প্রধান পূর্ণিমা কান্দুর অস্বাভাবিক মৃত্যু নিয়ে রাজনৈতিক চাপানোতর তুঙ্গে। বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো, এই ঘটনার CBI তদন্তের দাবি জানিয়েছেন। পূর্ণিমাকে খুন করা হয়ে থাকতে পারে বলে মন্তব্য করেন তিনি।

(বাইট-জ্যোতির্ময় )

অন্যদিকে, নিহত তপন কান্দুর ভাইপো মিঠুন কান্দুও এটি খুনের ঘটনা বলে সন্দেহ প্রকাশ করে CBI তদন্তের দাবি জানিয়েছেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষর সরকারও এই ঘটনার সিবিআই তদন্তের দাবি জানিয়ে বলেছেন, রাজ্যে খুনের এবং বদলার রাজনীতি বন্ধ হওয়া প্রয়োজন।

(বাইট – শুভক্ষর )

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষের দাবি, এই ঘটনা নিয়ে অথবা রাজনীতি করা হচ্ছে।

( আগেই জানানো হয়েছে, শুক্রবার রাতে ঝালদা শহরের স্টেশন রোডের বাড়ি থেকে পূর্ণিমা দেবীকে অচেতন্য অবস্থায় উদ্ধার করে ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। গতকাল দেবেন মাহাতো মেডিকেল কলেজ হাসপাতালে তাঁর দেহের ময়না তদন্ত হয়।

উল্লেখ্য, পুরভোটের পরে ২০২২ সালের ১৩ মার্চ সান্ধ্যব্রহ্মণে বেরিয়ে রাস্তার উপরে আততায়ীদের গুলিতে নিহত হন ঝালদার কংগ্রেস নেতা, পূর্ণিমার স্বামী তপন। ওই হত্যাকাণ্ডে বিশেষ তদন্তকারী দল ও CBI এখনও পর্যন্ত মোট সাত জনকে গ্রেফতার করেছে। )

\*\*\*\*\*

লখনউ-এর একানা ক্রিকেট স্টেডিয়ামে রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচের তৃতীয় দিনে আজ বাংলার বিরুদ্ধে উত্তরপ্রদেশ তাদের প্রথম ইনিংসে ৩ উইকেটে ১৯৮ রান হাতে নিয়ে খেলতে নামবে। ৭ উইকেটে ২৬৯ রান নিয়ে খেলতে নেমে গতকাল বাংলার প্রথম ইনিংস ৩১১ রানে শেষ হয়ে যায়। বাংলা প্রথম ইনিংসে উত্তর প্রদেশের থেকে ১১৩ রানে এগিয়ে রয়েছে।

\*\*\*\*\*